



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।  
E-mail: sbgc.gov.college@gmail.com  
www.sbgcp.edu.bd

অফিস: ০১৩০৯১২৫৬৬৪

বিজ্ঞপ্তি নম্বর- ৪৪/২০২৬

তারিখ: ১৬/০৪/২০২৬ খ্রি.

এ কলেজের স্নাতক (সম্মান) শ্রেণিতে অধ্যয়নরত (২১-৩৫ বছর বয়সী) ছাত্রীদেরকে জানানো যাচ্ছে যে, Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের অর্থায়নে পাবনা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে “মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স” প্রশিক্ষণ কোর্সে ভর্তি চলছে। আগ্রহী ছাত্রীরা নির্ধারিত আবেদন ফরম সংগ্রহপূর্বক আবেদন করতে পারবে।

### বিশেষ সুবিধা

প্রশিক্ষণ শেষে বিআরটিএ কর্তৃক গৃহীত টেস্টে উত্তীর্ণ হলে সর্বোচ্চ ১২,০০০/- টাকা (যাতায়াত ও রিফ্রেশমেন্ট ভাতা) প্রদানসহ পেশাদার ড্রাইভিং লাইসেন্স ফ্রি প্রদান ও কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে।

উল্লেখ্য যে, ছাত্রী ব্যতীত তাদের অন্যান্য মহিলা আত্মীয়-স্বজনেরাও উক্ত কোর্সে ভর্তি হতে পারবে।

*Buddin*  
১৬/০৪/২৬

প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন

আইডি নং- ৭৮৮২

অধ্যক্ষ

শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন (৭৮৮২)

অধ্যক্ষ

শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

### অনুলিপি অবগতি ও কার্যার্থে:

- ১। শ্রেণিকক্ষ/নোটিশ বোর্ড, ওয়েবসাইট ও ছাত্রী কমন রুম, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
- ২। অফিস নথি।



পাবনা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, পাবনা



## Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP)

প্রকল্পের অর্থায়নে

৪ (চার) মাস (৩৬০ ঘন্টা) মেয়াদী ৮০ দিন

“মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স” প্রশিক্ষণ কোর্সের

### ভর্তি বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের অর্থায়নে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন পাবনা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ-এ ৯ম ও ১০ম- ব্যাচ-এ সম্পূর্ণ সরকারি খরচে পেশাদার ড্রাইভিং লাইসেন্স প্রদানসহ ৪ (চার) মাস মেয়াদী “মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স” প্রশিক্ষণ কোর্সে ভর্তি চলিতেছে। আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ পূর্বক নির্দিষ্ট সময়ের মধ্যে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ভর্তি ফরম বিতরণ ও গ্রহণ	আসন সংখ্যা	ভর্তি পরীক্ষা (মৌখিক)	ফলাফল প্রকাশ	নির্বাচিত প্রার্থীদের ভর্তি	ক্রাশ শুরু
০৫/০৪/২০২৬ খ্রি: হতে ২০/০৪/২০২৬ খ্রি: পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত)	৯ম ব্যাচ: ২০ জন (মহিলা, তবে যোগ্য মহিলা না পাওয়া গেলে পুরুষ ভর্তি করা হবে) ১০ম ব্যাচ: ২০ জন (পুরুষ)	২২/০৪/২০২৬ খ্রি: (সকাল ৯:৩০ ঘটিকা)	২২/০৪/২০২৬ খ্রি: বিকাল ৬.০০ ঘটিকায়	২৩/০৪/২০২৬ খ্রি: হতে ২৭/০৪/২০২৬ পর্যন্ত (সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত)	০৩ মে ২০২৬ খ্রি:

আবেদনকারীর যোগ্যতা :

- ১) বয়স ২১-৩৫ বছর ও ড্রাইভিং পেশা গ্রহণে আগ্রহী হতে হবে।
- ২) ন্যূনতম অষ্টম শ্রেণি পাশ ও জাতীয় পরিচয়পত্র থাকতে হবে।
- ৩) কমপক্ষে ৮০% ক্লাশে সার্বক্ষণিক উপস্থিত থাকতে হবে।
- ৪) মহিলা, দরিদ্র, সুবিধা বঞ্চিত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের অগ্রাধিকার দেয়া হবে।

প্রশিক্ষণ শেষে বিআরটিএ কর্তৃক গৃহীত টেস্টে  
উত্তীর্ণ হলে সর্বোচ্চ ১২,০০০/- টাকা  
(যাতায়াত ও রিফ্রেশমেন্ট ভাতা) প্রদানসহ  
পেশাদার ড্রাইভিং লাইসেন্স ফ্রি

ভর্তির আবেদন ফরমের সাথে জমা দিতে হবে:

- ১) পাসপোর্ট সাইজের ছবি-২ কপি (ছবির পিছনে নাম লিখতে হবে)।
- ২) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি- ১ কপি।
- ৩) শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি- ১ কপি।

নির্বাচিত প্রার্থী ভর্তি হওয়ার পরে যে সকল কারণে ভর্তি বাতিল হবে:

- ১। ৮০% ক্লাসে উপস্থিত না থাকলে।
- ২। পূর্ণ সময় (৪ ঘন্টা ৩০ মিনিট) ক্লাশে অবস্থান না করলে।
- ৩। ভর্তির সময় অসত্য তথ্য প্রদান করে থাকলে।
- ৪। পরপর দুই দিন ক্লাশে অনুপস্থিত থাকলে।

বাদের আবেদন করার প্রয়োজন নাই:

- ১। জাতীয় পরিচয় পত্র না থাকলে।
- ২। কমপক্ষে অষ্টম শ্রেণি পাশ না হলে।
- ৩। বয়স ২১-৩৫ বছর এর মধ্যে না থাকলে।
- ৪। SEIP প্রকল্পের অধীনে পূর্বে কোন কোর্স করে থাকলে।
- ৫। ৪ মাস (ছুটির দিন ব্যতীত প্রতিদিন ৪ ঘন্টা ৩০ মিনিট) উপস্থিত থাকতে না পারলে।
- ৬। ড্রাইভিং লাইসেন্স থাকলে।

নির্বাচিত প্রার্থীদের ভর্তির সময় জমা দিতে হবে:

- ০১) পাসপোর্ট সাইজ ছবি - ৪ কপি (ছবির পিছনে নাম লেখতে হবে)।
- ০২) স্ট্যাম্প সাইজ ছবি - ২ কপি (ছবির পিছনে নাম লেখতে হবে)।
- ০৩) ব্লাড গ্রুপের সনদ - ২ কপি (যদি এনআইডিতে ব্লাড গ্রুপ উল্লেখ না থাকে)।
- ০৪) ভালো দৃষ্টি শক্তির সনদ - ২ কপি (সিভিল সার্জন)।
- ০৫) সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যগত সনদ - ১ কপি (মূল কপি)।
- ০৬) নাগরিক সনদ - ২ কপি (ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক)।
- ০৭) শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি - ২ কপি।
- ০৮) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি - ৩ কপি।
- ০৯) পিতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি - ১ কপি (মোবাইল নম্বর সহ)।
- ১০) মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি - ১ কপি (মোবাইল নম্বর সহ)।
- ১০) বিদ্যুৎ বিলের মূলকপি - ১ কপি।
- ১১) রকেট নম্বর (ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং)।
- ১২) ড্রাইভিং লাইসেন্স পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর DOPE টেস্টের সনদ - ২ কপি।

ক্রাশ সময় সূচী:

- ৯ম ব্যাচ : প্রত্যহ সকাল ৮:৩০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত।  
১০ম ব্যাচ : প্রত্যহ দুপুর ১:৩০ ঘটিকা হতে সন্ধ্যা ৬:০০ ঘটিকা পর্যন্ত।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন

অধ্যক্ষ

পাবনা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ

পাবনা, ফোনঃ- ০২৫৮৮৮০৫০১৮